

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জনশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, সেপ্টেম্বর ২৭, ২০২০

[ একই স্মারক ও তারিখের প্রতিস্থাপিত ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
সিটি কর্পোরেশন-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২২ ভাদ্র ১৪২৭/০৬ সেপ্টেম্বর ২০২০

নং ৪৬.০০.০০০০.০৭১.১৮.০৮০.২০১৮-৪৮২—স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সালের ৬০ নং আইন) এর ৪৭ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার ময়মনসিংহ সিটি কর্পোরেশনের প্রশাসনিক, দাপ্তরিক কাজের সুবিধার্থে ও নাগরিক সেবা সুনিশ্চিতকরণের লক্ষ্যে সিটি কর্পোরেশনের আওতাধীন ৩৩ (তেরিশ)টি ওয়ার্ডকে নিম্নবর্ণিতভাবে ৩ (তিন)টি অঞ্চলে বিভক্ত করিল :

অঞ্চল নং	অঞ্চলভিত্তিক ওয়ার্ডসমূহ	ওয়ার্ড সংখ্যা
অঞ্চল-১	১, ২, ৪, ৬, ১১, ১২, ২৭, ২৮, ২৯ ও ৩০	১০টি
অঞ্চল-২	৩, ৫, ৭, ৮, ৯, ১০, ১৬, ১৭, ১৮, ৩১, ৩২, ৩৩	১২টি
অঞ্চল-৩	১৩, ১৪, ১৫, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬	১১টি

(৯৩৮৭)

মূল্য : টাকা ৪.০০

ময়মনসিংহ সিটি কর্পোরেশনের উক্ত অঞ্চলসমূহের প্রতিটিতে নিম্নোক্ত কার্যক্রম অন্তর্ভুক্ত হইবে :

(ক) সাধারণ প্রশাসন	:	প্রশাসনিক কাজ।
(খ) প্রকৌশল (পুর)	:	পূর্তকাজসমূহ ও রক্ষণাবেক্ষণ।
(গ) প্রকৌশল (বিদ্যুৎ)	:	বৈদ্যুতিক কাজসমূহ ও রক্ষণাবেক্ষণ।
(ঘ) প্রকৌশল (পানি)	:	পানি সরবরাহ ও রক্ষণাবেক্ষণ।
(ঙ) স্বাস্থ্য বিভাগ	:	প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা; সম্প্রসারিত টিকাদান কর্মসূচি; দাতব্য চিকিৎসালয় ব্যবস্থাপনা; ভেজাল খাদ্য নিয়ন্ত্রণ; স্যানিটেশন; ভেটেরিনারি কার্যক্রম; জবাইখানা ব্যবস্থাপনা; জন্ম-মৃত্যু নিবন্ধিকরণ।
(চ) বর্জ্য ব্যবস্থাপনা	:	আবর্জনা পরিষ্কার ও পরিচ্ছন্নকরণ; স্যানিটোরি; ল্যান্ড ফিলিং; ডাম্পিং গ্রাউন্ড রক্ষণাবেক্ষণ; মশক নিয়ন্ত্রণ।
(ছ) রাজস্ব	:	সিটিকর নির্ধারণ ও আদায়; লাইসেন্স প্রদান ও ফিস আদায়; বিজ্ঞাপন; হাট বাজার সংক্রান্ত।
(জ) সমাজ কল্যাণ	:	কমিউনিটি সেন্টার; পার্ক; পাঠাগার; জিমনেশিয়াম; পাবলিক টয়লেট; শিশুকেন্দ্র; কবরস্থান; শ্মশানঘাট ইত্যাদি।
(ঝ) হিসাব বিভাগ	:	কর্মচারীদের বেতন; অফিস পরিচালনা ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত খরচ।
(ঞ) পরিবহন বিভাগ	:	অঞ্চলসমূহের যানবাহন নিয়ন্ত্রণ।

৩। অঞ্চলসমূহ বাস্তবায়নের লক্ষ্যে ময়মনসিংহ সিটি কর্পোরেশন অবিলম্বে কার্যকর পদক্ষেপ গ্রহণ করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নাজনীন ওয়ারেস

উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.